

💵 প্রশ্লোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

২.৪০ খতীব সাহেবদের ভুল-ক্রটি - ১৭৩. খতীব সাহেবদের মধ্যে সচরাচর কী কী ভুল-ক্রটি পরিলক্ষিত হয়?

খতীব সাহেবদের মধ্যে সচরাচর যেসব ভুল-ক্রটি পরিলক্ষিত হয়

- ১. খুৎবা লম্বা করা এবং সালাত সংক্ষেপ করা। অথচ সুন্নাত হলো সালাত হবে দীর্ঘ এবং খুৎবা হবে সংক্ষিপ্ত।
- ২. খুৎবার জন্য প্রস্তুতি গ্রহণ না করা, ভালো খুৎবা তৈরি না করা এবং মানুষের প্রয়োজন অনুযায়ী খুৎবার বিষয়বস্কু নির্ধারণ না করা।
- ৩, খতীবের খুৎবার ভাষণে আরবী ও বাংলায় ভাষাগত ভুল থাকা।
- ৪. দুর্বল হাদীস দিয়ে উদ্ধৃতি পেশ করা।
- ৫. খুৎবায় কুরআনের আয়াত তিলাওয়াত না করা। আর তা হলো, রাসূলুল্লাহ (সা.)-এর হেদায়াতি কার্যক্রমের
 খেলাফ।
- ৬. খুৎবার বিষয়বস্তু অনুযায়ী প্রতিক্রিয়া ব্যক্ত না করা। অর্থাৎ বক্তব্য অনুযায়ী ভাব প্রদর্শন না করা।
- ৭. বই দেখে একই খুৎবা বছরের পর বছর পুনরাবৃত্তি করা। এমন আরবীতে খুৎবা পড়া, যা মুসল্লিরা বুঝেন না। এমনকি অনেক খতীব সাহেব নিজেও বুঝেন না।
- ৮. জামাআত শেষে বিভিন্ন হাজত পূরণের জন্য মুসল্লীদের নিয়ে দলগতভাবে মুনাজাত করা, যা আল্লাহর রাসূল (সা.) তাঁর জীবদ্দশায় একদিনও করেননি। নবী (সা.) করেননি এমন কোন কাজ আমাদের চোখে ভালো মনে হলেও তা ইবাদত হতে পারে না। বাহ্যত ভালো লাগলেও ইবাদতের ক্ষেত্রে নতুন কোন পদ্ধতি প্রবর্তন করা ইসলাম অনুমোদন করে না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13327

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন